

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
নার্সিং শিক্ষা অধিশাখা  
www.mefwd.gov.bd

স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১৪২.১৬.০০১.২২.২৯

তারিখঃ ২৭ অগ্রহায়ণ, ১৪২৯  
১২ ডিসেম্বর, ২০২২

**বিষয়ঃ নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালী পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।**

পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবি : মো: সাইফুল ইসলাম,  
যুগ্মসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম : নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালী

পরিদর্শনের তারিখ : শনিবার, ১৯ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

১৯ নভেম্বর, ২০২২ তারিখে নিম্নস্বাক্ষরকারী নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালী পরিদর্শন করেন। পরিচালক (শিক্ষা) নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ডেপুটি রেজিস্ট্রার বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং নার্সিং কলেজের অধ্যক্ষ ও অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে নার্সিং কলেজের ভৌত অবকাঠামোগত, একাডেমিক সুবিধাদি ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্য/অবস্থার বিবরণ নিম্নে উপস্থাপন করা হলো:

১। **প্রতিষ্ঠা, চলমান কোর্স ও আসন সংখ্যা:** ১৯৭৯ সালে নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালী প্রতিষ্ঠিত হয়। নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালীর মোট জমির পরিমাণ ১.৭ একর। বর্তমানে প্রতিষ্ঠানটিতে ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স চালু রয়েছে। ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে আসন সংখ্যা ৮০টি এবং মোট শিক্ষার্থী ২৩৮ জন। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে আসন সংখ্যা ২৫টি এবং মোট শিক্ষার্থী ৭৪ জন। প্রতিষ্ঠানটির বিগত ৫ বছরে পাশের হার ১০০%।

২। **একাডেমিক ভবন, শ্রেণিকক্ষ ও ল্যাব সংক্রান্ত:** প্রতিষ্ঠানটির নতুন একাডেমিক ভবনের নির্মাণ কাজ ২০১৬ থেকে শুরু হয় এবং নির্মাণ কাজ সমাপ্ত করে ০৬/০৯/২০২২ তারিখে হস্তান্তর করা হয়। পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতাল পটুয়াখালী এবং মা ও শিশু ক্লিনিক, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, গলাচিপা, কলাপাড়ায় ক্লিনিক্যাল প্রাকটিস সম্পন্ন করা হয়। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রতিষ্ঠানটিতে ল্যাবের জন্য পর্যাপ্ত সরঞ্জামাদি ব্যবস্থা করা, মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন, ক্লাসরুমের স্পেস বৃদ্ধি করা এবং ক্লাসরুমে এয়ার কন্ডিশন স্থাপন করা প্রয়োজন। এছাড়া ইংলিশ ল্যাংগুয়েজ ল্যাব এর পর্যাপ্ত সংস্কারের প্রয়োজন। প্রতিষ্ঠানটিতে পর্যাপ্ত আসবাবপত্র না থাকায় দাপ্তরিক কর্মসম্পাদনে বিঘ্ন ঘটছে। একাডেমিক ভবনে লিফট স্থাপন করা প্রয়োজন।

৩। **হোস্টেল ব্যবস্থাপনা:** হোস্টেলসমূহ সরেজমিন পরিদর্শন করে দেখা যায় যে, প্রতিষ্ঠানটিতে শিক্ষার্থী সংখ্যার অনুপাতে হোস্টেলের সিট সংখ্যা অপ্রতুল, নতুন হোস্টেল ভবন নির্মাণ করা প্রয়োজন। ১০০ সিটের হোস্টেল ভবনে ৩০০ ছাত্রী বসবাস করছে। তাছাড়া হোস্টেল ভবনটি বেশ পুরাতন ও বুকিপূর্ণ দেখা যায়। বুকিপূর্ণ ভবন ভেঙ্গে বহুতল


ভবন নির্মাণের প্রস্তুত করা হয়েছে মর্মে অধ্যক্ষ জানান। ছাত্রদের আবাসনের জন্য হোস্টেল না থাকায় তাদের জন্য হোস্টেল নির্মাণ করা প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন।

৪। **জনবল সংক্রান্ত:** প্রতিষ্ঠানটিতে ১২ জন এমএসসি নার্সিং/এম পি এইচ সম্পন্নকারী নার্সিং ইনস্ট্রাক্টর রয়েছে। মঞ্জুরিকৃত পদের মধ্যে নার্সিং ইনস্ট্রাক্টরের ১টি সহ ও অন্যান্য সহায়ক জনবলের শূন্যপদের নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন তৈরি করা প্রয়োজন।

**সার্বিক মতামত/সুপারিশ:** নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালী নার্সিং শিক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য ভূমিকা পালন করছে। প্রতিষ্ঠানটির ফলাফল ও শিক্ষার মান মোটামুটি সন্তোষজনক। সরেজমিন পরিদর্শনে প্রতিষ্ঠানটিতে বেশ কিছু ঘাটতি/সমস্যা পরিলক্ষিত হয়:

ক) প্রতিষ্ঠানটির একাডেমিক সুযোগ-সুবিধা বৃদ্ধির লক্ষ্যে ল্যাবসমূহে আধুনিক যন্ত্রপাতি ও উপকরণাদি সংযোজন, ক্লাসরুমের স্পেস বৃদ্ধি ও শূণ্য পদসমূহে জনবল নিয়োগ/পদায়নের ব্যবস্থা করার জন্য মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর-কে অনুরোধ করা হলো।

খ) পুরাতন বুকিপূর্ণ ভবন জরুরি ভিত্তিতে বিধি মোতাবেক ভেঙে অপসারণ ও বহুতল ভবন নির্মাণ, একাডেমিক ও হোস্টেল ভবনসমূহের মেরামত, লিফট স্থাপন ও চালুকরণ, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য আবাসিক ভবন তৈরি ও অন্যান্য পূর্ত কাজ সম্পাদনের জন্য অতিরিক্ত সচিব (উন্নয়ন) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং অতিরিক্ত সচিব (উন্নয়ন) স্বাস্থ্য সেবা বিভাগ-কে অনুরোধ করা হলো।

  
(মো: সাইফুল ইসলাম)  
যুগ্মসচিব  
ফোনঃ ৫৫১০০৬৬৪  
nursedu@mefwd.gov.bd

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ০১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।
- ০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ/স্বাস্থ্য সেবা বিভাগ।
- ০৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ০৪। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
- ০৫। অধ্যক্ষ, নার্সিং ইনস্টিটিউট, পটুয়াখালী।
- ০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/চিপি) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
- ০৮। অফিস কপি।